দর্শনার রামনগর প্রতিবন্ধী স্কুলে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্টিত

দর্শনা রামনগর প্রতিবন্ধী স্কুলে প্রতিবন্ধী ব্যাক্তি ও প্রতিবন্ধীকতার ঝুকিতে থাকা ব্যাক্তিদের মোবাইল রিহ্যাবিলিটেশন এর মাধ্যেমে ভ্রাম্যমান চিকিৎসা সেবা ক্যাম্পেইন ও ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্টিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে দর্শনা রামনগর প্রতিবন্ধী স্কুলে ফ্রী মেডিকেল ক্যাম্প আনুষ্ঠানিক ভাবে উদ্ধোধন করা হয়।বিদ্যালয়ের সভাপতি আঃ কাদেরর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর প্যানেল মেয়র রেজাউল ইসলাম,জমিদাতা মমিনুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল, এম এ ফয়সাল, প্রতিবন্ধী স্কুলের প্রধান শিক্ষক শিরিনা আক্তার, সহকারী শিক্ষক শাহিনুর খাতুন,নাসরিন আক্তার, রনি খাতুন, ফ্রী চিকিৎসাদেন সমাজ কল্যান মন্ত্রনালয় চুয়াডাঙ্গার ফিজিও ককনসালটেন্ট নৃর আলম আকাশ, থেরাপি সহকারী সৌমা সরকার, রাজিবুল ইসলাম।

মেহেরপুর-২ আসনের নৌকা প্রার্থীকে শোকজ

নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের কারনে মেহেরপুর-২ সংসদীয় আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ডা. আবু সালেহ মো: নাজমুল হক সাগরকে শোকজ করেছে নির্বাচন অনুসন্ধান কমিটি । আগামী মঙ্গলবার ২ জানুয়ারী বেলা ১১টার সময় সশরীরে অথবা প্রতিনিধির মাধ্যমে তাকে শোকজের উত্তর দেওয়ার নির্দেশ দেয়া হয়েছে।

রবিবার ৩১ ডিসেম্বর মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ন জেলা ও দায়রা জজ-১ম

আদালতের বিচারক মোঃ শাহিনুর রহমান এই শোকজ করেন।

নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয়ের সূত্রে জানা গেছে শোকজে বলা হয়েছে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচনী এলাকা মেহেরপুর-০২ (গাংনী উপজেলা) আসনে বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ডাঃ আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর পরিচালিত গাংনী হাসপাতাল বাজারস্থ এ্যাডভান্স মেডিকেয়ার লিমিটেডে অর্থ ব্যয় করে ফ্রী মেডিকেল ক্যাম্প স্থাপন করেন। এবং অন্য চিকিৎসকদের নিয়ে রোগীদেরকে ফ্রি সেবার নামে প্রেসক্রিপশনের অপর পৃষ্ঠায় নির্বাচনি পোষ্টার ব্যবহার করে ভোটারদের অবৈধ ভাবে প্রভাবিত করে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরন বিধিমালা লঙ্ঘন করায় তাকে শোকজ করেছেন নির্বাচনী অনুসন্ধান কমিটি।

দামুড়হুদায় ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

দামুড়হুদায় কলকাতা থেকে আগত ডাক্তারদের ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দামুড়হুদা গুলশান পাড়ায় আল বুখারী হাসপাতালে সকাল ৮ টায় শুরু হয় ফ্রী মেডিকেল ক্যাম্প চলে রাত ৮টা পর্যন্ত।

টিমের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন “ওয়ার্ল্ড ফেডারেশন অব হোমিওপ্যাথি” আন্তর্জাতিক সংস্থার আন্তর্জাতিক সভাপতি ডা: প্রকাশ মল্লিক এম.ডি (হোমিও) ডি.আই. হোম (লন্ডন), এফ. এফ হোম (নাইজেরিয়া)।

এসময় তিনি বলেন ওয়ার্ল্ড ফেডারেশন হোমিওপ্যাথি একটা আন্তর্জাতিক সংস্থা, এই সংস্থার মাধ্যমে সারা পৃথিবীব্যাপী হোমিওপ্যাথি চিকিৎসার প্রচার এবং প্রচারণা ঘটিয়ে থাকি। সেই সূত্র ধরে বাংলাদেশের আল বুখারী হাসপাতাল আমাদের সাথে যোগাযোগ করে। আমরা তিন সদস্যের একটি টিম বাংলাদেশে আল বুখারী হাসপাতাল লিমিটেড এর শাখা অফিস ঢাকা শনির আখড়াই আসি, এখানে আমরা ফ্রি মেডিকেল

ও প্রকাশক আজাদ মালিতা কে “সেবারত্ন পুরস্কার ২০২২-২৩” প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন মেডিকেল ক্যাম্প টিমের দুই জন সহযোগী “ওয়ার্ল্ড ফেডারেশন অব হোমিওপ্যাথি” আন্তর্জাতিক সংস্থার পদধারী ডা: নীলকমল বর্মন ও ডা: নীলাচল বেরা। এসময় আরও উপস্থিত ছিলেন আল বুখারী হাসপাতাল লিমিটেড এর চেয়ারম্যান শাহ্ মোহাম্মদ আতাউল্লাহ বুখারী, এম ডি ডা: মো: আব্দুল আহাদ, অতিরিক্ত পরিচালক ডা: মো: হেলাল উদ্দিন প্রমূখ।

দর্শনায় সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল ক্যাম্পের উদ্বোধন

দর্শনায় বেসরকারি এনজিও প্রতিষ্ঠান সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল ক্যাম্পের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে সিএসএস মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, যশোর জোন এর আয়জনে দামুড়হুদার দর্শনা ঘুঘুডাঙ্গা সিএসএস এর শাখা কার্যালয়ে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করা হয়।

দর্শনা পৌরসভার প্যানেল মেয়র মোঃ রেজাউল ইসলাম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। সিএসএস এর আরএম তাপস ঘোষ এর সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কার্যালয়ের এআরএম রুবেল হোসেন, জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলন।

প্রথমেই নির্বাহী অফিসার কে ফুলের শুভেচ্ছা দিয়ে বরণ করে নেয় উক্ত সংস্থার লোন অফিসার টুটু মন্ডল। সিএসএস এর স্থপতি

রেভারেন্ড পল মুন্সী’র স্মরণে প্রতি বছরের ন্যায় এবারও ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিকেল ক্যাম্প পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোছাঃ রোকসানা খাতুন (এমবিবিএস বিসিএস স্বাস্থ্য)।

গাংনীতে বিজিবি’র উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্প ও কম্বল বিতরণ

কুষ্টিয়া ব্যাটালিয়ন(৪৭ বিজিবি)র উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে দুস্থ্য জনসাধারণকে ফ্রী মেডিকেল ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান ও বিনামুল্যে ওষুধ বিতরণ ও শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭বিজিবি)।

শুক্রবার দিনব্যাপী মানবিক কার্যক্রম পরিচালনায় এলাকাবাসী বিভিন্ন প্রকার সেবা গ্রহন করেন বিজিরি কাছ থেকে। আজ সকালে মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ক্যাম্পে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

বিকেলে গাংনী উপজেলার রংমহল গ্রামে ফ্রী মেডিকেল ক্যাম্পে দেড়শতাধিক মানুষকে চিকিৎসা সেবা ও বিনামুল্যে ওষুধ বিতরণ করা হয় এবং রাধাগোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শতাধিক শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। চিকিৎসা সেবা প্রদান করেন চুয়াডাঙ্গা বিজিবি হাসপাতালের সার্জারি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক মেজর মোহাম্মদ আব্দুল কাদের মিয়া।

এসময় কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্ণেল আরিফুল হক ও সহকারি পরিচালক (এডি) জিয়াউর রহমান বিজয় দিবসের এসকল মানবিক কার্যক্রম পরিদর্শন করেন এবং নিজ হাতে কম্বল ও ওষূধ বিতরণ করেন।

কার্যক্রমের সার্বিক সহায়তা করেন কাথুলী বিজিবির কোম্পানী

কমান্ডার সাইফুল ইসলাম,রংমহল ক্যাম্প কমান্ডার হাবিলদার আব্দুল কাদেরসহ স্থানীয় বিজিবি ক্যাম্পের সদস্যবৃন্দ।

মেহেরপুরে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর হেল্প ফাউন্ডেশনের আয়োজনে সদর উপজেলার উত্তরশালিকা গ্রামের ৫ শতাধিক দরিদ্র অসহায় রোগীদের মাঝে ফ্রী মেডিকেল চিকিৎসা সেবা দেওয়া হয়েছে।

আজ রবিবার (২৯ মে) সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত উত্তর শালিকা গ্রামের হাট প্রাঙ্গণে এই ফ্রী মেডিকেল সেবা প্রদান করেন হেল্প ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইকো কাউন্সিলিং ও ফিজিও থেরাপিষ্ট ও পুষ্টিবিদ দিলারা জাহান ও খুলনা মেডিকেল কলেজের ইউনানি চিকিৎসক শামীম রেজা।

এসময় হেল্প ফাউন্ডেশনের উপদেষ্টা সাংবাদিক রফিকুল আলম, সাংবাদিক আলামিন হোসেন, সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষক মহিবুল ইসলাম ও উত্তর শালিকা গ্রামের বিশিষ্ট ব্যাক্তি আব্দুল বারী উপস্থিত ছিলেন।

ফ্রী মেডিকেল ক্যাম্পে এলাকার অসহায় দরিদ্র ৫ শতাধিক রোগীকে হাপানি, ডায়াবেটিকস, এ্যাজমা, হাটু, মাজা ও শিরায় ব্যাথাসহ ফিজিও থেরাপি চিকিৎসা প্রদান করা হয়।